

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৫৭৩ ৫/ পবিত্রতা ও পরিচ্ছন্নতা পরিচ্ছেদঃ তায়াম্মুম

## আরবী

عَن عِمْرَانَ بْنِ حُصَيْنِ الْخُزَاعِيِّ أَنَّ رَسُولَ اللهِ ﷺ رَأَى رَجُلًا مُعْتَزِلًا لَمْ يُصلِّ فِي الْقَوْمِ فَقَالَ: يَا رَسُولَ اللهِ أَصنَابَتْنِي جَنَابَةٌ وَلَا مَاءَ قَالَ عَلَيْكَ بِالصَّعِيدِ فَإِنَّهُ يَكْفِيكَ

## বাংলা

(৫৭৩) ইমরান বিন হুসাইন (রাঃ) বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে এক সফরে ছিলাম। এক সময় তিনি লোকেদের নিয়ে নামায পড়লেন। যখন তিনি নামায শেষ করলেন, তখন দেখলেন একটি লোক একটু সরে পৃথক দাঁড়িয়ে আছে। সে জামাআতে নামাযও পড়েনি। তিনি তাকে বললেন, কি কারণে তুমি জামাআতে নামায পড়লে না? লোকটি বলল, আমি নাপাকে আছি, আর পানিও নেই। তিনি বললেন, পাক মাটি ব্যবহার কর। তোমার জন্য তাই যথেষ্ট।

## ফুটনোট

(বুখারী ৩৪৮, মুসলিম ১৫৯৫, মিশকাত ৫২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন